গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক,নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর

এবং

সচিব ,পানি সম্পদ মন্ত্রণালয়ের এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮- জুন ৩০, ২০১৯

সূচিপত্র

উপক্রমণিকা ........................................................................................................ ৩

নদী গবেষণা ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................ ৪-৫

সেকশন ১- নদী গবেষণা ইনস্টিটিউটের (নগই) রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........................................................................................................ ৬

সেকশন ২- নগই এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) **.......................... ৭**

সেকশন ৩- কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .................. .....৮-১১

সংযোজনী ১- শব্দসংক্ষেপ (Acronyms) ........................................................................ ১৩

সংযোজনী ২- কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি ................ ১৪-১৫

সংযোজনী ৩- কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা ১৬

## উপক্রমনিকা ( **Preamble**)

নদী গবেষনা ইনস্টিটিউটের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি,স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা,সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক,নদী গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এর মধ্যে

২০১৮ সালের জুন মাসের ------ তারিখে এই চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## নদী গবেষণা ইনিস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of River Research Institute)

**সাম্প্রতিক অর্জনঃ**

নদী গবেষণা ইনস্টিটিউট দেশের পানি সম্পদ সংক্রান্ত সমস্যা সমাধানে মৌলিক এবং প্রায়োগিক গবেষণাসহ পানি সম্পদ বিষয়ে সরকারের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সংস্থাসমূহকে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করে থাকে। এই লক্ষ্যে নগই বিগত বছরগুলোতে দেশের উন্নয়ন কর্মকান্ড গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে । নগই এর জন্মলগ্ন থেকেই পানি সম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ভৌত মডেলের মাধ্যমে দেশের অগ্রগতিতে গুরুত্বপুর্ন ভূমিকা রেখে আসছে। সাম্প্রতিক সময়ে নগই গাণিতিক মডেলিং এর মাধ্যমেও পানি সম্পদ সংশ্লিষ্ট বিষয়ে গুরুত্বপূর্ন অবদান রেখেছে। ভৌত মডেলিং ও গানিতিক মডেলিং এর সমন্বয়ে হাইব্রিড প্রক্রিয়ার (Hybrid Approach) মাধ্যমে নগই পানি সম্পদ সংশ্লিষ্ট সিষ্টেমে উন্নত বিশ্লেষনের দ্বারা প্রকৌশলগত সমস্যার নিরাপদ, টেকসই এর সাশ্রয়ী সমাধানে অবদান রাখছে।

বিগত বছরসমূহে নগই তে অনেকগুলো গানিতিক ও ভৌত মডেলের কাজ সম্পাদন করে ক্লায়েন্টকে গুরুত্বপুর্ন পরামর্শ প্রদান করা হয়েছে ।এর মধ্যে উল্লেখযোগ্য গানিতিক মডেল হলো i)"Hydrological and Morphological study to support planning and design for the Improvement of Nikli- Soharmul- karimganj road under Rural Infrastructures Development Project of Kishorgonj district under local Government Engineering Depertment", ii) "Hydrological and Morphological Study for proposed kaharol Bridge over the river Punarbhaba RIver at 11th Km of Birgonj- Kaharol Road(Z-5007) uader Dinajpur Road Division, Dinajpur", iii) Topographical, Hydrological and Morphological study using mathematical model for the proposed new Sachna -Golokpur Road under Sunamgonj Road Division" and iv) Hydroligical and Mophological study for proposed Sonahat Bridge over the river Dudkumar at 5th km of Bhurungamari- Sonahat –Mothergonj –Bhitorband- Nageshwari Road (Z-5624) under Kurigram Road Division etc.

আলোচ্য সময়ে সম্পাদিত ভৌত মডেলের মধে অন্যতম হলো Physical Model Investigation for the protection of Paira Bridge over the Paira River under Patuakhali District. ii) Laboratory Based Study using Physical modeling on River Bank Erosion Control using Concrete Block Mats and Placed Concrete Blocks with Filter on the Arial Khan River Bank at Madaripur District iii) Physical Model Study for supporting Design of the Proposed Bangabandhu Railway Bridge upstream of existing Bangabandhu Multipurose Bridge over the River Jamuna, iv) Physical Model Investigation to study Effectiveness of New Dhaeswati River off-take structure to support the Design of the Burigonga River Restoration Project etc.

তাছাড়া নগই কর্তৃক বিভিন্ন প্রকল্প বিশেষ করে পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পসমূহের মাটি, পানি, পলল এবং বিভিন্ন নির্মাণ সামগ্রীর গুণাগুণ এবং মান পরীক্ষা করে প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা হয়। এতদুদ্দেশ্যে বিগত সময়ে গড়ে প্রতি বছর বাপাউবোসহ বিভিন্ন সরকারি এবং বেসরকারি সংস্থার প্রায় ছয় সহস্রাধিক নমুনা পরীক্ষা করা হয়েছে। অপরদিকে নগইতে গবেষণা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ১) বাংলাদেশের মহানন্দা নদীর হাইড্রো-মরফলজিক্যাল স্টাডির মাধ্যমে শুষ্ক মৌসুমে প্রবাহ শূন্যতার সমস্যা এবং সম্ভাব্য সমাধানের উপর আলোকপাত" ২) " পদ্মা নদীর দৌলৎদিয়া ও পাটুরিয়া অংশে পদ্মা নদীর তীর ভাঙনের জিওটেকনিক্যাল কারণ অনুসন্ধান এবং ৩) কর্ণফুলি নদীর হাইড্রো-মরফলজিক্যাল এবং পরিবেশগত বিষয়ে স্টাডি যা মাননীয় প্রধানমন্ত্রীর অফিসের সাথে যৌথভাবে সমাধান করা হয়েছে। তাছাড়া ২০১৭-১৮ অর্থ বছরে "গৃহস্থালি কমিউনিটি এবং মিউনিসিপ্যাল পর্যায় ব্যবহৃত ভূ-গর্ভস্থ পানির ম্যাঙ্গানিজ দূরীকরণে কার্যকরী প্রক্রিয়া উদ্ভাবন" শীর্ষক একটি গবেষণা কর্মসূচি হাতে নেয়া হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জঃ**

সাম্প্রতিক সময়ে বিভিন্ন সংস্থা কর্তৃক ভৌত মডেল ব্যতিরেকে পানি সম্পদ এবং নদ-নদী সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ প্রকল্প সংশ্লিষ্ট মৃত্তিকা, পানি, পলল এবং নির্মাণ সামগ্রীর গুনাগুণ পরীক্ষার বিষয়ে অনাগ্রহী হয়ে পড়েছে যা সুষ্ঠু প্রকল্প বাস্তবায়নের জন্য হুমকি স্বরূপ এবং নগই এর জন্য চ্যালেঞ্জ স্বরূপ। শুধুমাত্র SPT value ব্যবহার করে পাউবোর

বিভিন্ন বিভাগে কাঠামোর নকশা প্রণয়নের প্রবণতা একদিকে জটিল কাঠামোকে হুমকির মধ্যে ফেলছে, অন্যদিকে দেশের বিভিন্ন স্থানের মাটির গঠন ও প্রকৌশলগত গুনাগুণ সম্বলিত ডাটাবেজ প্রাপ্তিতে বিশাল এক প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে।

**ভবিষ্যত পরিকল্পনাঃ**

নদী, সৈকত, হাওড় কিংবা বিভিন্ন জলাধার সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কাঠামো নির্মাণে ভৌত ও গাণিতিক মডেলের গুরুত্ব এবং অপরিহার্যতার বিষয়ে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থাকে অবহিত করার জন্য যোগাযোগের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। বিশেষ করে ভৌত মডেল স্টাডির গুরুত্ব এবং এই বিষয়ে নগই এর একক দক্ষতার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা সমূহকে অবহিতকরণের বিষয়ে কার্যক্রম হাতে নেয়া হয়েছে। তাছাড়া প্রকল্পের সঠিক বাস্তবায়নের জন্য নগইতে পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পসমূহের মাটি, পানি, পলল এবং বিভিন্ন নির্মাণ সামগ্রীর গুণাগুণ এবং মান পরীক্ষার গুরুত্ব এবং অপরিহার্যতার বিষয়ে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থাকে অবহিত করণের কার্যক্রমও হাতে নেয়া হয়েছে। নিয়মিতভাবে গবেষণার কার্যক্রম পরিচালনা এবং বিভিন্ন সংস্থাকে পানি সম্পদ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়েও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ভৌত এবং গাণিতিক মডেলিং এর মাধ্যমে ১০ টি প্রতিবেদন দাখিল
- মৃত্তিকা, পলল, পানি ও নির্মাণ সামগ্রীর (এম এস রড, কঙ্কিক ও কঙ্কিট উপকরণ) ৬০০০ টি নমুনা পরীক্ষার কার্যক্রম
- ২ টি প্রশিক্ষণ কার্যক্রম
- ৩ টি গবেষণার কাজ।
- ব্যাম্বো ব্যান্ডেলিং এর মাধ্যমে গবেষণামূলক নদী শাসন প্রক্রিয়ার পাইলট প্রকল্প পরিচালনা।
- নগই এর প্রতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্পের মাধ্যমে অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয় করে নগই এর গবেষণা কার্যক্রমকে বেগবান করা।

## সেকশন-১

নদী গবেষণা ইনস্টিটিউটের রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)– দেশের পানি সম্পদের নিরাপত্তা, প্রাপ্যতা এবং সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণা পরিচালনা এবং ফলাফল প্রয়োগ নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission) – সমীক্ষা ও পরীক্ষা-নিরীক্ষা এবং গবেষণার মাধ্যমে পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে নিয়োজিত সরকারি এবং বেসরকারি সংস্থাসমূহকে যথাযথ পরামর্শ প্রদানের মাধ্যমে দেশের পানি সম্পদের উন্নয়ন, নিরাপত্তা এবং সঠিক ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)-

ক) নদী ব্যবস্থাপনার জন্য পরীক্ষা- নিরীক্ষা এবং মডেল ও প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে সমীক্ষা পরিচালনা

খ) পানি সম্পদের সাশ্রয়ী ও টেকসই ব্যবস্থাপনার জন্য সহযোগিতা

১.৪ কার্যাবলি (Functions)

ক) নদী শাসন, নদীর ভাঙন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের প্রয়োজনে নকশা প্রণয়নের জন্য এবং নদী কৌশল, নদীর পলল নিয়ন্ত্রণ, নদীর মোহনা এবং জোয়ার ভাটা সম্পর্কিত গবেষণা কাজে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা;

খ) পানি সম্পদ উন্নয়নের জন্য নদীর পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ এবং ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবনাক্ততার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা ;

গ) নদী শাসন, নদীর ভাঙন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের জন্য মাটি, পানি, পলল এবং নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণ পরীক্ষা এবং নির্মাণ কাজের মানের তদারকি ও মূল্যায়ন করা;

ঘ) উপরে উল্লেখিত বিষয়সমূহে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং তৎসংশ্লিষ্ট কারিগরী বিষয়ে সাময়িকী এবং প্রতিবেদন প্রকাশ করা;

ঙ) উপরোল্লেখিত কোন বিষয় সম্পর্কে সরকার, স্থানীয় কর্তপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করা;

চ) উহার কার্যাবলীর মত একই প্রকার কার্যে নিয়োজিত অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার সহিত যৌথ কার্যক্রম পরিচালনা করা;

## সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| মৃত্তিকা, পানি, পলল এবং নির্মাণ সামগ্রীর কাঙ্খিত গুণাগুণ নিশ্চিতকরণ | নমুনা পরীক্ষা | সংখ্যা | ৬১০০ | ৬০০০ | ৬০০০ | ৬২৫০ | ৬২৫০ | বাপাউবো, সওজ, এলজিইডি এবং অন্যান্য সরকারি এবং বেসরকারি সংস্থাসমূহ | নগই বার্ষিক প্রতিবেদন |
| সর্বাপেক্ষা কার্যকরী ব্যবস্থা চিহ্নিতকরণ এবং ব্রীজ ও হাইড্রলিক স্ট্রাকচারের জন্য সর্বাপেক্ষা কার্যকরি, টেকসই এবং কম খরচের স্থান নির্ধারণ এবং টেকসই স্ট্রাকচারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা। | গাণিতিক এবং ভৌত মডেলিং এর মাধ্যমে দাখিলকৃত প্রতিবেদন। | সংখ্যা | ৭ | ৯ | ১০ | ১০ | ১১ | বাপাউবো, সওজ এলজিইডি, বিআর, বিবিএ | নগই বার্ষিক প্রতিবেদন |
| মৃত্তিকা, ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি, পলল, ব্রীজ, হাইড্রলিক স্ট্রাকচার এবং নদী ও নদী প্রবাহ প্রভৃতি বিষয়ে গবেষণালব্ধ প্রয়োগযোগ্য জ্ঞান। | গবেষণা পরিচালিত | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৫ | ৫ | - | নগই বার্ষিক প্রতিবেদন |
| মৃত্তিকা, ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি, পলল, ব্রীজ, হাইড্রলিক স্ট্রাকচার এবং নদী ও নদী প্রবাহ প্রভৃতি বিষয়ে গবেষণালব্ধ প্রাপ্ত ফলাফল। | গবেষণার মাধ্যমে প্রাপ্ত ফলাফল | টার্গেটের শতকরা হার | - | ৫০% | ৫০% | ৬০% | ৬৫% | - | নগই বার্ষিক প্রতিবেদন ও গবেষণার প্রকাশিত রিপোর্ট |

## সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য Strategic Objectives | কৌশলগত উদ্দেশ্যের মান Weight of Strategic Objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক Performance Indicator | একক Unit | কর্মসম্পাদন সূচকের মান Weight of Performance Indicator | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ ২০১৯ - ২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| নদী ব্যবস্থাপনার জন্য পরীক্ষা-নিরীক্ষা এবং মডেল ও প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে সমীক্ষা পরিচালনা | ৬০ | ১.১) ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা | ১.১.১ ভৌত মডেলিং এর মাধ্যমে দাখিলকৃত প্রতিবেদন | সংখ্যা | ১৫ | ৩ | ৫ | ৫ | ৪ | ৩ | - | - | ৫ | ৬ |
| | | ১.২)গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা | ১.২.১ গাণিতিক মডেলিং এর মাধ্যমে দাখিকৃত প্রতিবেদন | সংখ্যা | ১৫ | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | - | - | ৫ | ৫ |
| | | ১.৩)নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | ১.৩.১) নমুনা পরীক্ষা | সংখ্যা | ১৫ | ৬১০০ | ৬০০০ | ৬২০০ | ৬০০০ | ৫৭৫০ | ৫২৫০ | ৫০০০ | ৬২৫০ | ৬২৫০ |
| | | ১.৪) গবেষণা কার্যক্রম পরিচালনা | ১.৪.১)গবেষণা পরিচালিত | সংখ্যা | ১০ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৫ | ৫ |
| | | | ১.৪.২)গবেষণায় প্রাপ্ত ফলাফল | % | ৫ | - | ৫০% | ৬০% | ৫০% | ৪৫% | ৪০% | - | ৬০% | ৬৫% |
| পানি সম্পদে টেকসই ব্যবস্থাপনার জন্য সহযোগীতা | ১৫ | ২.১)রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশ | ২.১.১) রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশিত | সংখ্যা | ৫ | ৮৬ | ৭০ | ৮০ | ৭৫ | ৭২ | ৭০ | - | ৮৫ | ৯০ |
| | | ২.২)প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | ২.২.১প্রশিক্ষণ পরিচালিত | সংখ্যা | ৫ | ২ | ১ | ২ | ১ | - | - | - | ২ | ৩ |
| | | ২.৩) সরকার, স্থানীয় কর্তৃপক্ষএবং অন্যান্যদের উপদেশ প্রদান | ২.২.১) উপদেশ প্রদান | সংখ্যা | ৫ | ১১ | ১৪ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১০ | ১৬ | ১৭ |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটের আপলোড | বার্ষিক কর্মসম্পাদান চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন,২০১৮ | ২১ জুন,২০১৮ | ২৪ জুন,২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বাষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক(feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি /কর্মসম্পাদান ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহিত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইনে সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ,ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে,২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহিতার মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা ব্যস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগাদায়ন পত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিক্রত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরন | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরন | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তরর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর ,২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

*জনপ্রশসন প্রশিক্ষন ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষ আয়োজন করতে হবে। ** মন্ত্রীপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রীপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

**** মন্ত্রীপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর, নদী গবেষণা ইনস্টিটিউট এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিকে বর্ণিত ফলাফল অর্জনে নদী গবেষণা ইনস্টিটিউটকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

---------------------------------------------------- ২৪/৬/২০১৮

মহাপরিচালক তারিখ

নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর

---------------------------------------------------- ২৪/৬/১৮

সচিব তারিখ

পানি সম্পদ মন্ত্রণালয়

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরা | বর্ণনা |
|---|---|---|
| ১। | নগই | নদী গবেষণা ইনস্টিটিউট |
| ২। | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৩। | এমবিএফ | মিনিস্ট্রিয়াল বাজেট ফ্রেমওয়ার্ক |
| ৪। | সওজ | সড়ক ও জনপথ বিভাগ |
| ৫। | সিসি | সিটিজেন্স চার্টার |
| ৬। | বিএমসি | বাজেট ইমপ্লিমেন্টেশন কমিটি |
| ৭। | বিআইপি | বাজেট ইমপ্লিমেন্টেশন প্ল্যান |
| ৮। | কিউআইএমআর | কোয়ার্টারলি বাজেট ইমপ্লিমেন্টেশন রিপোর্ট |
| ৯। | এফডি | ফিন্যান্স ডিভিশন |
| ১০। | এলজিইডি | লোকাল গভর্ণমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ১১। | বিআর | বাংলাদেশ রেলওয়ে |
| ১২। | বিবিএ | বাংলাদেশ ব্রীজ অথরিটি |
| | | |
| | | |

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপন পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপন পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ১.১ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা | ১.১.১ ভৌত মডেলিং এর মাধ্যমে দাখিলকৃত প্রতিবেদন | নদী প্রশিক্ষণ, নদীর ভাংগন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের প্রয়োজনে নকশা প্রণয়নের জন্য এবং নদী কৌশল, নদীর পলল নিয়ন্ত্রণ, নদীর মোহনা এবং জোয়ার ভাটা সম্পর্কিত গবেষণা কাজে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সড়ক ও জনপথ বিভাগসহ বিভিন্ন সংস্থার পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে নির্মিতব্য স্ট্রাকচারের কার্যকারিতা ও স্থায়িত্ব সম্পর্কে পরামর্শ প্রদান এবং প্রয়োজনে নির্মিতব্য স্ট্রাকচারের ডিজাইন পরিবর্তনের পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নতুন প্রযুক্তি উদ্ভাবনে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা। | নগই | দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা, নগই বার্ষিক প্রতিবেদন | |
| ২। | ১.২)গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা | ১.২.১ গাণিতিক মডেলিং এর মাধ্যমে দাখিকৃত প্রতিবেদন | পানি সম্পদ উন্নয়নের জন্য নদীর পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ এবং ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবনক্তার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সড়ক ও জনপথ বিভাগসহ বিভিন্ন সংস্থার পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে নির্মিতব্য স্ট্রাকচারের কার্যকারিতা ও স্থায়িত্ব সম্পর্কে পরামর্শ প্রদান এবং প্রয়োজনে নির্মিতব্য স্ট্রাকচারের ডিজাইন পরিবর্তনের পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নতুন প্রযুক্তি উদ্ভাবনে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা। | নগই | দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা, নগই বার্ষিক প্রতিবেদন | |
| ৩। | ১.৩)নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | ১.৩.১) নমুনা পরীক্ষা | নদী প্রশিক্ষণ, নদীর ভাংগন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের জন্য মাটি, পানি, পলল এবং নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণ পরীক্ষা এবং নির্মাণ কাজের মানের তদন্ত ও মূল্যায়ন করা | নগই | নমুনা পরীক্ষার সংখ্যা, নগই বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপন পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৪। | ১.৪) গবেষণা কার্যক্রম পরিচালনা | ১.৪.১)গবেষণা পরিচালিত | নগই সংশ্লিষ্ট বিষয় সমূহের উপর মৌলিক এবং প্রায়োগিক গবেষণা এবং উহার কার্যাবলীর মত একই প্রকার কার্যে নিয়োজিত অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার সহিত যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা করা | নগই | পরিচালিত গবেষণার সংখ্যা । নগই বার্ষিক প্রতিবেদন | |
| | | ১.৪.২) গবেষণায় প্রাপ্ত ফলাফল | নগই সংশ্লিষ্ট বিষয় সমূহের উপর মৌলিক এবং প্রায়োগিক গবেষণা এবং উহার কার্যাবলীর মত একই প্রকার কার্যে নিয়োজিত অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার সহিত যৌথ গবেষণায় প্রাপ্ত ফলাফল সম্বলিত রিপোর্ট প্রণয়ন ও প্রচার। | নগই | পরিচালিত গবেষণায় টার্গেটের শতকরা প্রাপ্ত ফলাফল। নগই বার্ষিক প্রতিবেদন ও সংশ্লিষ্ট গবেষণার রিপোর্ট | |
| ৫। | ২.১)রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশ | ২.১.১) রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশিত | নগই সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশ। | নগই | প্রকাশিত রিপোর্ট, জার্নাল এবং সাময়িকীর সংখ্যা, নগই বার্ষিক প্রতিবেদন | |
| ৬। | ২.২)প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | ২.২.১প্রশিক্ষণ পরিচালিত | উপরোল্লেখিত (ক্রমিক ১,২ ও ৩) বিষয়সমূহের উপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | নগই | পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচীর সংখ্যা, নগই বার্ষিক প্রতিবেদন | |

সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুণ | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারি স্বায়ত্ত শাসিত সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ১.১ ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা<br>১.৩ নমুনা পরীক্ষা সম্পাদন | বাপাউবোর সকল প্রকল্পের নমুনা পরীক্ষার জন্য নগইতে প্রেরণ এবং গুরুত্বপূর্ণ প্রকল্পের ভৌত মডেল পরীক্ষা বাধ্যতামূলক করা। | নমুনা পরীক্ষার এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ভৌত মডেল ব্যতিরেকে প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে। অপরদিকে নগই একটি পেশাদার সরকারি সংস্থা এবং দেশে ভৌত মডেল সম্পাদনের একমাত্র প্রতিষ্ঠান। দেশ বিভিন্ন এলাকার মাটির গঠন ও প্রকৌশলগত গুনাগুণ সম্বলিত ডাটাবেজ হতে বঞ্চিত হচ্ছে। | ১০০% | প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে এবং নগইও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। দেশ বিভিন্ন এলাকার মাটির গঠন ও প্রকৌশলগত গুনাগুণ সম্বলিত ডাটাবেজ হতে বঞ্চিত হচ্ছে। |
| বিভাগ | বাংলাদেশ সড়ক ও জনপথ বিভাগ | ১.১ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা<br>১.৩ নমুনা পরীক্ষা সম্পাদন | সওজের সকল প্রকল্পের নমুনা পরীক্ষার জন্য নগইতে প্রেরণ এবং গুরুত্বপূর্ণ প্রকল্পের ভৌত মডেল পরীক্ষা বাধ্যতামূলক করা। | নমুনা পরীক্ষা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ভৌত মডেল ব্যতিরেকে প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে। অপরদিকে নগই একটি পেশাদার সরকারি সংস্থা এবং দেশে ভৌত মডেল সম্পাদনের একমাত্র প্রতিষ্ঠান। | ১০০% | প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে এবং নগইও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। |
| স্বায়ত্তশাসিত সংস্থা | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ১.১ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা<br>১.৩ নমুনা পরীক্ষা সম্পাদন | সকল প্রকল্পের নমুনা পরীক্ষার জন্য নগইতে প্রেরণ এবং গুরুত্বপূর্ণ প্রকল্পের ভৌত মডেল পরীক্ষা বাধ্যতামূলক করা। | নমুনা পরীক্ষা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ভৌত মডেল ব্যতিরেকে প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে। অপরদিকে নগই একটি পেশাদার সরকারি সংস্থা এবং দেশে ভৌত মডেল সম্পাদনের একমাত্র প্রতিষ্ঠান। | ১০০% | প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে এবং নগইও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। |
| সরকারি সংস্থা | বাংলাদেশ রেলওয়ে | ১.১ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা<br>১.৩ নমুনা পরীক্ষা সম্পাদন | সকল গুরুত্বপূর্ণ নদী সংশিস্নষ্ট প্রকল্পের নমুনা পরীক্ষা নগই এ সম্পাদন করা।গুরুত্বপূর্ণ নদী সংশ্লিষ্ট প্রকল্পের ভৌত মডেল পরীক্ষা বাধ্যতামূলক করে তা নগইতে সম্পাদন করা | নমুনা পরীক্ষা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ভৌত মডেল ব্যতিরেকে প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে। অপরদিকে নগই একটি পেশাদার সরকারি সংস্থা এবং দেশে ভৌত মডেল সম্পাদনের একমাত্র প্রতিষ্ঠান। | ১০০% | প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়ে বিশাল আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে এবং নগইও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। |